# 2021
# BENGALI (বাংলা)

Total Marks: 80 Time: 3 Hours

**General Instructions:**

*i) Approximately 15 minutes is allotted to read the question paper and revise the answers.*
*ii) The question paper consists of 21 main questions. All questions are compulsory.*
*iii) Internal choice has been provided in some questions.*
*iv) Marks allocated to every question are indicated against it.*

***N.B. Check that all pages of the question paper are complete as indicated on the top left side.***

## বিভাগ –ক
## পাঠ (Reading)

1. **নিচের পাঠটি মনোযোগ দিয়ে পড়:**

**সংবাদ সংস্থা : কায়রো: ৬ অক্টোবর, ২০২০, ১৪:২৬::৩৪** শুইয়ে রাখা আছে কফিন। তার চারদিক ঘিরে দাঁড়িয়ে রয়েছে উৎসাহী জনতা। অনেকেই ক্যামেরা তাক করে রেখেছেন কফিনের দিকে। মিশরের এক দল প্রত্নতত্ত্ববিদ খুললেন কফিনের ঢাকনা। তা সরতেই দেখা মিলল আড়াই হাজার বছরের পুরনো মমির। মিশরের সাকারা এলাকা থেকে পাওয়া গিয়েছে ওই মমি। উন্মোচনের ভিডিয়ো সেখানে উপস্থিত জনতার মতোই হামলে পড়ে দেখেছেন উৎসাহী নেটাগরিকরা।

মিশেরের পুরনো মেমফিস শহরের সাকারা প্রত্নতত্ত্ব এলাকা। সেখানেই সন্ধান মিলেছে আড়াই হাজার বছরের পুরনো মমির। মিশরের পর্যটন মন্ত্রকের তরফে জানানো হয়েছে ওই এলাকা থেকে ৫৯টি কফিন বন্দি মমি উদ্ধার করা হয়েছে। সেই কফিনগুলো ভাল অবস্থাতেই রয়েছে। সেই যুগের পুরোহিত, সমাজের সম্মানীয় ব্যক্তিদের মমিই কফিনে রয়েছে বলে মত প্রত্নতত্ত্ববিদদের। সাকারাতে ১৩টি কফিন এখনও অবধি উদ্ধার হয়েছে। সেখানে থাকা আরও ১৪টি কফিনের খোঁজও মিলেছে।

জনতার সামনে কফিন খুলে মমি বের করার দৃশ্য সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়তেই ভাইরাল হয়েছে। সোমবার আপলোড হতেই ৯০ লক্ষেরও বেশি বার দেখা হয়েছে সেটি। নেটাগরিকরা তা দেখে বিভিন্ন রকম মন্তব্য করেছেন। বিরল দৃশ্য দেখে নিজেদের বিস্ময় গোপন করেননি নেটাগরিকদের একটি বড় অংশ। কেউ কেউ আবার ভয়ও পেয়েছেন কিছু সম্ভাবনার কথা ভেবে। একজন লিখেছেন, ''এ রকম জিনিসে বহু বছরের পুরনো ভাইরাস বা জীবাণু থাকতে পারে। যা প্রতিরোধ করার ক্ষমতা আমাদের নেই। লিখেছেন জন এক অপর '', ''এমনিতেই বছরটা এ রকম যাচ্ছে, খোলার জন্য আর কনা যেত করা অপেক্ষা দিন'?'' তবে কফিন খুলে মমি দেখাতে নেটাগরিকরা মজেছেন, এতে কোনও সন্দেহ নেই।

(বানান অপরিবর্তিত)

**প্রায় ৫ থেকে ১০ টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাওঃ**

(ক) খবরটি কোথা থেকে প্রকাশিত হয়েছে ? 1

(খ) কি ঘিরে উৎসাহী জনতা দাঁড়িয়েছিল ? 1

(গ) মমিটি কত বছরের পুরনো ? 1

(ঘ) কোথায় এই মমিটি পাওয়া গেছে ? 1

(ঙ) ওই এলাকা থেকে এই পর্যন্ত ক'টি কফিনবন্দি মমি উদ্ধার হয়েছে ? 1

(চ) সেখানে কাদের মমি রয়েছে বলে প্রত্নতত্ত্ববিদরা মন্তব্য করেছেন ? 1

(ছ) সোমবার পর্যন্ত কতবার সেই ভিডিওটি দেখা হয়েছে ? 1

(জ) নেটাগরিকরা কোন সম্ভাবনার কথা ভেবে ভয় পেয়েছেন ? 1

(ঝ) মমি আসলে কী ? 1

(ঞ) বাচ্য নির্ণয় করোঃ শুইয়ে রাখা আছে কফিন। 1

## বিভাগ- খ
## রচনা ও নির্মিতি ( Writing and Composition)

2. **কম-বেশি ১৫০ টি শব্দের মধ্যে নিচের যে কোনও একটি বিষয় বেছে নিয়ে লেখোঃ**

(ক) তুমি আবির/ অবন্তী, ব্লক নম্বর ১২২, অর্জুন নগর, নয়াদিল্লির বাসিন্দা। বেশ কয়েকটি স্কুটার এবং গাড়ি কোনও অনুমতি ছাড়াই তোমার এলাকায় চলতিপথে দাঁড় করিয়ে রাখে,ফলে পথ চলাচলের যথেষ্ট অসুবিধাহয়।সমস্যাটির বিরুদ্ধে অভিযোগ করে আবাসিক সমিতির স্থানীয় সচিবকে একটি চিঠি লেখো।

**অথবা** **6**

( খ) তুমি পশুপ্রেমী ক্লাবের একজন সক্রিয় সদস্য সৃজা /সোহম যারা পশুদের প্রতি নিষ্ঠুরতা রোধ করে পশুর কল্যাণে কাজ করে। সম্প্রতি তুমি মহাত্মা গান্ধী পশু পরিষেবা সদন পরিদর্শনে গিয়েছিলে। সেখানে পশুপ্রাণীদের পরিচর্যা তথা সুচিকিৎসা দেখে অত্যন্ত বিস্মিত ও উৎফুল্ল হয়েছো। সেই বিষয়ের ওপর একটি প্রতিবেদন রচনা কর।

[তুমি নিম্নলিখিত সূত্র গুলি ব্যবহার করতে পারো: আহত কুকুর এবং বিড়াল - পরিত্যক্ত পোষ্যপ্রাণী - বয়স্ক প্রাণী - সমস্ত খুব ভালভাবে যত্ন নেওয়া - সজ্জিত চিকিৎসা কক্ষ - পশুচিকিৎসক, শল্য চিকিৎসক - সবুজ পরিবেশ ইত্যাদি।]

3. **ন্যূনাধিক ৫০টি শব্দের মধ্যে নিচের যে কোনও একটি প্রশ্নের উত্তর লেখ:**

(ক) তুমি অর্পণ/অপর্ণা, ফ্লাটনং -২ সি, চতুর্থ তল, লেগাসি অ্যাপার্টমেন্ট,লাল গণেশ গৌহাটি, আসামের বাসিন্দা।তোমার ছোট ভাইয়ের আট বছরের জন্মদিনে উপলক্ষে বাবা-মায়ের পক্ষ

থেকে আত্মীয়-স্বজন এবং বন্ধু-বান্ধবকে উদ্দেশ করে একটি আমন্ত্রণ পত্রের খসড়া রচনা কর।

**অথবা** **4**

(খ) বায়ুদূষণ (Air Pollution) নিয়ে দুই বন্ধু রাজা ও মানসের মধ্যে সংলাপ লিপিবদ্ধ করো।

## বিভাগ -গ
## ব্যাকরণ ও অনুবাদ ( Grammar and Translation )

4. **নিচের বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নাওঃ**

(ক) যেখানে ক্রিয়ার অর্থই প্রধানভাবে প্রতীয়মান হয় ,সেখানে হয় – **1**

(i) কর্তৃবাচ্য (ii) কর্মবাচ্য
(iii) ভাববাচ্য (iv) কর্মকর্তৃবাচ্য

(খ) যে সমাসে পূর্বপদ ও উত্তরপদ উভয়ের সমান অর্থ-প্রাধান্য থাকে, তাকে বলে - **1**

(i) দ্বন্দ্ব সমাস (ii) তৎপুরুষ সমাস
(iii) দ্বিগু সমাস (iv) বহুব্রীহি সমাস

(গ) যে বিদেশে থাকে তাকে এককথায় বলে – **1**

(i) স্বদেশী (ii) পর্যটক
(iii) প্রবাসী (iv) বিদেশী

(ঘ) ‘দুষ্ট দলের নায়ক" মানে হলো— **1**

(i) পগার পার (ii) পায়াভারী
(iii) পুকুর চুরি (iv) পালের গোদা

(ঙ) পীতাম্বর পদটির ব্যাসবাক্য হবে - **1**

(i) পীত যে অম্বর (ii) পীত ও অম্বর
(iii) পিতা অম্বরে যার (iv) পীতের অম্বর

5. **বাচ্য পরিবর্তন কর:**

(i) এই অবেলায় কোথায় যাওয়া হচ্ছে? **1**
(ii) ছেলেটিকে পাওয়া গেল না! **1**
(iii) রোহণের দামি মোবাইলটা হারিয়ে গেলো! **1**

6. **অর্থ উল্লেখ করে বাক্যরচনা কর:**

(i) পগার পার **1**
(ii) রাহুর দশা **1**

7. **ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় কর:**

(i) পঞ্চভূত 1

(ii) মারামারি 1

(iii) পদচ্যুত 1

8. **এক কথায় প্রকাশ কর:**

(i) যা মুষ্টি দিয়ে পরিমাপ করা যায় 1

(ii) নিন্দার যোগ্য 1

9. **বাংলায় অনুবাদ কর:**

(i) I live near the police station. 1

(ii) What is your aim in life? 1

(iii) There is someone at the door. 1

(iv) Happy Birthday! 1

(v) Walking is good for you. 1

## বিভাগ – ঘ

## সাহিত্য – গদ্যাংশ ও পদ্যাংশ ( Literature)

10. **নিচের বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নাও:**

(ক) 'গুলির আড্ডা' বলতে বোঝায় — 1

(i) গোলাবারুদের আড্ডা (ii) গোলা ঘরের আড্ডা

(iii) ধূমপানের আড্ডা (iv) তাসের আড্ডা

(খ) তরু কোথায় দেখা দিল? 1

(i) প্রান্তরে (ii) উদ্যানে

(iii) নির্জনে (iv) অন্তরে

(গ) অতি পুরানো বটের কোটরে বাসা বেঁধেছিল – 1

(i) চড়ুই দম্পতি (ii) জোড়া শালিখ

(iii) সাত ভাই চম্পা (iv) বেঙ্গমা-বেঙ্গমী

(ঘ) বাবর জানু পেতে বসেছিলেন – 1

(i) পূর্বদিকে (ii) পশ্চিমদিকে

(iii) উত্তরদিকে (iv) দক্ষিণদিকে

(ঙ) অভাগীর জন্যে আলতা দিয়েছিল — 1

(i) নাপিত বৌ (ii) রাখালের মা

(iii) বামুন মা (iv) বিন্দির পিসি

**২০ থেকে ২৫ টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাও:**

11. উনিশ শতকে কলকাতার বড়লোকেরা কিভাবে তাঁদের জন্মদিন পালন করতেন? 2

12. ‘বলাই’ অনুসারে আমরা মানুষ বলি কোন পদার্থকে? **2**

13. “মোচড়িয়া গোঁফ দুটা বান্ধিলেন ঘাড়ে।” — কার কথা বলা হয়েছে? তার গোঁফ জোড়া ঘাড়ে বাঁধার কারণ কী ? **1+1=2**

14. ‘মনে হইল না এ কোন শোকের ব্যাপার’ – কোন পাঠের অংশ? কোন প্রসঙ্গে এ কথা বলা হয়েছে ? **1+1=2**

15. ‘বলাই’ গল্পে একদিন লেখককে তাঁর ভাইপোটি কোথায় কখন কেন ডেকে নিয়ে গিয়েছিল? **2**

16. “কোথায় গেল ওর স্বচ্ছ যৌবন?” — কে কাকে এই প্রশ্ন করেছেন? এখানে ‘ওর’ বলতে কার কথা বলা হয়েছে ? **1+1=2**

**কম – বেশি ৪০ থেকে ৫০ টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাও:**

17. (ক) বড় মানুষের বাড়ির দরোয়ানের গল্পটি তোমার নিজের ভাষায় লেখ। **4**

**অথবা**

(খ) “আমার ভাইপো বলাই— তার প্রকৃতিতে কেমন করে গাছপালার মূল সুরগুলোই হয়েছে প্রবল।"

(i) ছেলেবেলা থেকে বলাইয়ের কী অভ্যাস ছিল? **(1)**

(ii) কখন, কেমন করে বলাইয়ের অন্তর-প্রকৃতিতে ঘন রঙ লাগে? **(2)**

(iii) তখন বলাইয়ের কী ইচ্ছে করে? **(1)**

18. ‘কত যুগযুগান্তরে কান পেতেছিল…………’

(i) কোন কবিতার অংশ? **1**

(ii) কার লেখা? **1**

(iii) কে কিসের জন্যে কান পেতেছিল? **1**

(iv) সে কীভাবে তার ভাষা ব্যক্ত করত? **1**

**নিম্নলিখিত প্রশ্নের উত্তর প্রায় ৬০ থেকে ৯০ টি শব্দের মধ্যে লেখ:**

19. (ক) “অম্বল খাইয়া বীর বনিতারে পুছে। রন্ধন করাছ ভাল আর কিছু আছে।।” –

(i) কোন কবিতার অংশ? **1**

(ii) কবির নাম কী? **1**

(iii) ‘বীর’ কে? **1**

(iv) ‘বনিতা’ বলতে কার কথা বলা হয়েছে? **1**

(v) বনিতা কী জবাব দিয়েছিল? **1**

**অথবা**

(খ) 'জগদীশচন্দ্র' কবিতাটির নামকরণের সার্থকতা আলোচনা কর। (5)

20. (ক) "কাঙালী আর প্রার্থনা করিল না।" –

(i) কোন পাঠের অংশ? 1

(ii) লেখকের নাম কী? 1

(iii) কাঙালী কার কাছে কী প্রার্থনা করেছিল? 1

(iv) কাঙালীর আর প্রার্থনা না করার কারণ কী? 2

**অথবা**

(খ) 'কলিকাতার বারোইয়ারি পূজা' পাঠে যে কৃপণের গল্পটি আছে, সেটি নিজের ভাষায় বর্ণনা দাও। (5)

21. "চোখের কোণে এই সমূহ পরাভব/ বিষায় ফুসফুস ধমনী শিরা।" –

(i) কোন কবিতার অংশ? 1

(ii) কার সম্পর্কে এ কথা বলা হয়েছে? 1

(iii) কী হয়েছে তার? 1

(iv) কে, কেন এই খেদোক্তি করেছেন? 2

*********************************************